গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
(সরকারি মাধ্যমিক-১)
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭১.০৪.০০২.০২(অংশ)- ৫২৬ তারিখ : ০৮ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ / ২৩ ডিসেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ

# প্রজ্ঞাপন

সরকারি/বেসরকারি মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়সমূহের ২০২৫ সালের (১৪৩১-১৪৩২ বঙ্গাব্দ) শিক্ষাবর্ষের ছুটির তালিকা ও শিক্ষাপঞ্জি নিম্নোক্তভাবে মন্ত্রণালয়ের অনুমোদন জ্ঞাপন করা হলোঃ

| ক্রমিক নং | পর্বের নাম | তারিখ ও দিন | বঙ্গাব্দের তারিখ | দিন সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | *শব-ই-মিরাজ | ২৮ জানুয়ারি ২০২৫ খ্রি. মঙ্গলবার | ১৪ মাঘ, ১৪৩১ | ০১ |
| ২ | শ্রী শ্রী সরস্বতী পূজা | ০৩ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি. সোমবার | ২০ মাঘ, ১৪৩১ | ০১ |
| ৩ | *মাঘী পূর্ণিমা | ১১ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি. মঙ্গলবার | ২৮ মাঘ, ১৪৩১ | ০১ |
| ৪ | *শব-ই-বরাত | ১৫ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি. শনিবার | ০২ ফাল্গুন, ১৪৩১ | ০০ |
| ৫ | শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস | ২১ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি. শুক্রবার | ০৮ ফাল্গুন, ১৪৩১ | ০০ |
| ৬ | শ্রী শ্রী শিবরাত্রি ব্রত | ২৬ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি. বুধবার | ১৩ ফাল্গুন, ১৪৩১ | ০১ |
| ৭ | *পবিত্র রমজান, শুভ দোলযাত্রা (১৪ মার্চ), স্বাধীনতা ও জাতীয় দিবস (২৬ মার্চ), *জুমাতুল-বিদা (২৮ মার্চ), *শব-ই-কদর,(২৮ মার্চ), ঈদ-উল ফিতর(৩১ মার্চ) | ০২ মার্চ ২০২৫ খ্রি. রবিবার থেকে ০৮ এপ্রিল ২০২৫ খ্রি. মঙ্গলবার পর্যন্ত | ১৭ ফাল্গুন, ১৪৩১ থেকে ২৫ চৈত্র, ১৪৩১ | ২৮ |
| ৮ | বৈসাবি | ১২ এপ্রিল ২০২৫ খ্রি. শনিবার | ২৯ চৈত্র, ১৪৩১ | ০০ |
| ৯ | নববর্ষ | ১৪ এপ্রিল ২০২৫ খ্রি. সোমবার | ০১ বৈশাখ, ১৪৩২ | ০১ |
| ১০ | ইস্টার সানডে | ২০ এপ্রিল ২০২৫ খ্রি. রবিবার | ০৭ বৈশাখ, ১৪৩২ | ০১ |
| ১১ | মে দিবস | ০১ মে ২০২৫ খ্রি. বৃহস্পতিবার | ১৮ বৈশাখ, ১৪৩২ | ০১ |
| ১২ | *বুদ্ধ পূর্ণিমা (বৈশাখী পূর্ণিমা) | ১১ মে ২০২৫ খ্রি. রবিবার | ২৮ বৈশাখ, ১৪৩২ | ০১ |
| ১৩ | *পবিত্র ঈদ-উল-আযহা (০৭জুন) ও গ্রীষ্মকালীন অবকাশ | ০১ জুন, ২০২৫ খ্রি. রবিবার থেকে ১৯ জুন, ২০২৫ খ্রি. বৃহস্পতিবার পর্যন্ত | ১৮ জ্যৈষ্ঠ, ১৪৩২ থেকে ০৫ আষাঢ়, ১৪৩২ পর্যন্ত | ১৫ |
| ১৪ | *আশুরা | ০৬ জুলাই, ২০২৫ খ্রি. রবিবার | ২২ আষাঢ়, ১৪৩২ | ০১ |
| ১৫ | শুভ জন্মাষ্টমী | ১৬ আগস্ট, ২০২৫ খ্রি. শনিবার | ০১ ভাদ্র, ১৪৩২ | ০০ |
| ১৬ | *আখেরী চাহার সোম্বা | ২০ আগস্ট, ২০২৫ খ্রি. বুধবার | ০৫ ভাদ্র, ১৪৩২ | ০১ |
| ১৭ | *ঈদ-ই-মিলাদুন্নবী (সা.) | ০৫ সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. শুক্রবার | ২১ ভাদ্র, ১৪৩২ | ০০ |
| ১৮ | দুর্গাপূজা (বিজয়া দশমী ২ অক্টোবর), *ফাতেহা-ই-ইয়াজ দাহম (৪ অক্টোবর), প্রবারণা পূর্ণিমা (৫ অক্টোবর), শ্রী শ্রী লক্ষ্মীপূজা (৬ অক্টোবর) | ২৮ সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. রবিবার থেকে ৭ অক্টোবর মঙ্গলবার পর্যন্ত | ১৩ আশ্বিন, ১৪৩২ থেকে ২২ আশ্বিন, ১৪৩২ পর্যন্ত | ০৮ |
| ১৯ | শ্রী শ্রী শ্যামাপূজা | ২০ অক্টোবর, ২০২৫ খ্রি. সোমবার | ৪ কার্তিক, ১৪৩২ | ০১ |

| | | | | |
|---|---|---|---|---|
| ২০ | শীতকালীন অবকাশ, বিজয় দিবস (১৬ ডিসেম্বর) এবং যিশু খ্রিষ্টের জন্মদিন (বড় দিন, ২৫ ডিসেম্বর) | ১৪ ডিসেম্বর, ২০২৫ খ্রি. রবিবার থেকে ২৮ ডিসেম্বর, ২০২৫ খ্রি. রবিবার পর্যন্ত | ২৯ অগ্রহায়ণ, ১৪৩২ থেকে ১৩ পৌষ, ১৪৩২ পর্যন্ত | ১১ |
| ২১ | প্রতিষ্ঠান প্রধানের সংরক্ষিত ছুটি | | | ০৩ |
| | | (সাপ্তাহিক ছুটি ব্যতীত) | মোট: | ৭৬ দিন |

*চাঁদ দেখার উপর নির্ভরশীল।

সামষ্টিক মূল্যায়ন/পরীক্ষার সময় সূচি ২০২৫ খ্রি.

| মূল্যায়ন/পরীক্ষার নাম | তারিখ | দিন সংখ্যা | ফলাফল প্রকাশ |
|---|---|---|---|
| অর্ধবার্ষিক/প্রাক-নির্বাচনি পরীক্ষা | ২৪ জুন, ২০২৫ খ্রি: মঙ্গলবার থেকে ১০ জুলাই, ২০২৫ খ্রি: বৃহস্পতিবার পর্যন্ত | ১২ দিন | ২৭ জুলাই ২০২৫ খ্রি:, রবিবার |
| নির্বাচনি পরীক্ষা | ১৬ অক্টোবর, ২০২৫ খ্রি: বৃহস্পতিবার থেকে ০৩ নভেম্বর, ২০২৫ খ্রি: সোমবার পর্যন্ত | ১২ দিন | ১০ নভেম্বর ২০২৫ খ্রি:, সোমবার |
| বার্ষিক পরীক্ষা | ২০ নভেম্বর, ২০২৫ খ্রি: বৃহস্পতিবার থেকে ০৭ ডিসেম্বর, ২০২৫ খ্রি: রবিবার পর্যন্ত | ১২ দিন | ৩০ ডিসেম্বর ২০২৫ খ্রি:, মঙ্গলবার |

১. শিক্ষাবর্ষ হবে ১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর ২০২৫ খ্রি: পর্যন্ত। সরকার ঘোষিত নির্দেশনার আলোকে পাঠ্যপুস্তক বিতরণ করতে হবে।

২. উল্লিখিত পরীক্ষার সময়সূচি অনুযায়ী অর্ধ-বার্ষিক পরীক্ষা, প্রাক নির্বাচনি পরীক্ষা, নির্বাচনি পরীক্ষা ও বার্ষিক পরীক্ষা গ্রহণ নিশ্চিত করতে হবে এবং বার্ষিক পরীক্ষার উত্তরপত্র অন্তত ১ (এক) বছর সংরক্ষণ করতে হবে। প্রতি পরীক্ষার সময় ১২ কর্মদিবসের বেশি হবে না।

৩. স্ব-স্ব বিদ্যালয় পরীক্ষার প্রশ্নপত্র (পাবলিক পরীক্ষা ব্যতীত) নিজেরাই প্রণয়ন করবেন। কোনো অবস্থাতেই অন্য কোনো উৎস থেকে সংগৃহীত প্রশ্নপত্রে পরীক্ষা নেয়া যাবে না।

৪. পরীক্ষার নির্ধারিত তারিখ পরিবর্তন করা যাবে না। তবে কোনো বিশেষ কারণে পরীক্ষার তারিখ পরিবর্তন করতে হলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

৫. সাপ্তাহিক ছুটি (শুক্রবার ও শনিবার) ব্যতীত বছরে মোট ছুটি থাকবে ৭৬ দিন।

৬. কোনো সরকারি কর্মকর্তার পরিদর্শন উপলক্ষে বিদ্যালয় ছুটি দেয়া যাবে না এবং সংবর্ধনা/পরিদর্শন উপলক্ষে শিক্ষার্থীদের ক্লাস বন্ধ করা যাবে না। সংবর্ধিত/পরিদর্শনকারী ব্যক্তির প্রতি সম্মান প্রদর্শনের জন্য শিক্ষার্থীদের রাস্তায় দাঁড় করানো যাবে না।

৭. ছুটিকালীন অনুষ্ঠেয় ভর্তি কার্যক্রম সম্পাদন ও অন্যান্য পরীক্ষা অনুষ্ঠানের জন্য প্রয়োজনে বিদ্যালয় খোলা রাখতে হবে।

৮. এসএসসি পরীক্ষার সময় পরীক্ষা কেন্দ্র ব্যতিত অন্যান্য বিদ্যালয়সমূহে যথারীতি শ্রেণি কার্যক্রম চালু থাকবে।